দামুড়হুদায় মুক্তিযুদ্ধে বঙ্গবন্ধুর অবদান শীর্ষক আলোচনা সভা ও বীর কর্ণারের উদ্বোধন

দামুড়হুদায় স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে উপজেলা পর্যায়ে মুক্তিযুদ্ধের চেতনা, মুক্তিযুদ্ধের স্মৃতিচারণ ও বীরত্বগাঁথা মুক্তিযুদ্ধে বঙ্গবন্ধুর অবদান শীর্ষক আলোচনাসভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বেলা সাড়ে ১১ টার দিকে দামুড়হুদা উপজেলা পরিষদ চত্তরের মুক্তমঞ্চে উক্ত আলোচনাসভা অনুষ্ঠিত হয়। দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার তাছলিমা আক্তারের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলি মুনছুর বাবু।

বিশেষ অতিথি ছিলেন দামুড়ুহদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক প্রশাসক মাহফুজুর রহমান মনজু, উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা যুদ্ধকালিন কমান্ডার লিয়াকত আলী, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সুদীপ্ত কুমার সিংহ, উপজেলা সাব রেজিস্ট্রার নাফিয বিন যামান।

দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে অনুষ্ঠিত সভায় আরও উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা আছির উদ্দীন, বীর মুক্তিযোদ্ধা রেজাউল করীম, বীর মুক্তিযোদ্ধা তমছের আলী, ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন, হযরত আলী, আব্দুল করিম, ইয়ামিন আলী, শফিকুল ইসলাম, নিজাম উদ্দীন, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম, নুরুন্নবী, সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল, উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহম্মেদ রিংকু প্রমূখ।

আলোচনার ফাঁকে ফাঁকে দামুড়হুদা উপজেলা উপজেলা শিল্পকলা একডেমির শিক্ষক আসমত আলী বিশ্বাস ও আক্কাছ আলীর নেতৃত্বে সংগীত পরিবেশন করা হয়। শুরুতেই যুদ্ধকালিন কমান্ডার বীর মুক্তিযোদ্ধা লিয়াকত আলীকে বীর মুক্তিযোদ্ধাদের জন্য সংরক্ষিত লাল চেয়ারে বসিয়ে সম্মান জানানো হয়।

অনুষ্ঠান পরিচালনা করেন উপজেলা সমবায় অফিসার হারুন অর রশীদ। এর আগে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বীর মুক্তিযোদ্ধাদের জন্য সংরক্ষিত ১০ ও ১১ নং দুটি বেডের উদ্বোধন করা হয়। দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলি মুনছুর বাবু ফিতে কেটে বীর কর্ণারের শুভ উদ্বোধন করেন।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার তাছলিমা আক্তার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আবু হেনা মোহাম্মদ জামাল শুভসহ স্থানীয় বীর মুক্তিযোদ্ধারা উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গার কুমারি ৪ ও ৫ নম্বর ওয়ার্ড বিএনপির কমিটি গঠন

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির ৩ নম্বর কুমারি ইউনিয়নের ৪ ও ৫ নম্বর ওয়ার্ড বিএনপির সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বিকেল ৪ টার দিকে ইউনিয়নের কামালপুর প্রাথমিক বিদ্যালয় মাঠে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সাবেক ওয়ার্ড বিএনপির সভাপতি ইসরাইল হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য আব্দুল জব্বার।

প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য আমিনুল হক রোকন। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন যুবদলের আহবায়ক এমদাদুল হক বাবু, থানা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক মানোয়ার হোসেন, জেলা যুবদলের সহ-সভাপতি মাগরিবুর রহমান,আলমডাঙ্গা উপজেলা যুবদলের আহবায়ক খাইরুল ইসলাম, পৌর যুবদলের সদস্য সচিব সাইফুর রহমান কনক।

অনুষ্ঠানে ওয়ার্ড বিএনপি নেতা সুজনের উপস্থাপনায় আরো উপস্থিত ছিলেন কুমারি ইউনিয়নের সাবেক সভাপতি রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক আবু বক্কর সিদ্দিক, ইমদাদুল হক ডাবু প্রমূখ।

কুমারি ইউনিয়নের ৪ ও ৫ নম্বর ওয়ার্ড বিএনপির সম্মেলনে সর্বসম্মতিক্রমে ৪ নম্বর ওয়ার্ডে সামসুল হককে সভাপিত ও সাইদুল ইসলামকে সাধারণ সম্পাদক নির্বাচিত করা হয়। এছাড়াও ৫ নম্বর ওয়ার্ডে মহির উদ্দিনকে সভাপতি ও হাবিবুর রহমানকে সাধারণ সম্পাদক নির্বাচিত করা হয়।

আলমডাঙ্গার ইসলামপুর বসতবাড়িতে ঢুকে হামলা ও লুটপাটের অভিযোগ

আলমডাঙ্গার ইসলামপুর পূর্ব শত্রুতার জের ধরে বাড়িতে ডুকে মারপিট ও লুটপাটের অভিযোগ উঠেছে। সোমবার দুপুর সাড়ে ৩ টার দিকে ইসলামপুর মসজিদ পাড়ায় এ ঘটনাটি ঘটে। এ

তে সেলিম রেজাকে বেধড়ক মারপিট করে। গুরুত্বর আহত অবস্থায় তাকে উদ্ধার করে হারদি হাসপাতালে ভর্তি করা হয়। এ ঘটনায় সেলিম রেজার ছেলে বাদি হয়ে আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ দায়ের করে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার কুমারি ইউনিয়নের ইসলামপুর গ্রামের সেকেন্দার আলির ছেলে সেলিম রেজার সাথে একই গ্রামের নজরুল ইসলামের ছেলে রকিবুলের সাথে জমি সংক্রান্ত পূর্ব বিরোধ চলে আসছিলো।

সোমবার দুপুর সাড়ে ৩ টার দিকে আলমডাঙ্গার পৌর এলাকার এরশাদপুর গ্রামের ভ্যান চালক মারজুলের ছেলে মশিউরের নেতৃত্বে ইসলামপুর গ্রামের নজরুল ইসলামের ছেলে রকিবুল, শুভ ও গোবিন্দপুর গ্রামের বিল্লাল হোসেনের ছেলে মাসুদ, শাকিব অতর্কিত ভাবে সেলিম রেজার বাড়িতে হামলা করে।

এসময় সেলিম রেজাকে বেধড়ক মারপিট করে। তাকে বাঁচাতে গেলে তার স্ত্রী সুফিয়া ও ছেলে স্বাধীনকে মারপিট করে। অতর্কিত হামলার সময় সুফিয়ার চেইন ও ঘরে থাকা নগত প্রায় ৭০ হাজার টাকা লুটপাট করে নেয়। হামলার শিকার সেলিম রেজা গুরুত্বর আহত অবস্থায় তাকে হারদি হাসপাতালে ভর্তি করা হয়।

এ ঘটনায় স্বাধীন বাদি হয়ে আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ দায়ের করেন।

দর্শনা থানা পরিদর্শনে এসপি জাহিদুল

দর্শনা থানা পরিদর্শন করেছেন চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার মোঃ জাহিদুল ইসলাম। সোমবার দুপুর দেড়টার দিকে দর্শনা থানা পরিদর্শনে আসেন। তিনি বাৎসরিক পরিদর্শনের অংশ হিসাবে দর্শনা থানা পরিদর্শন করেন।

এসময় দর্শনা থানার পক্ষ থেকে থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীর ও সেকেন্ড অফিসার আহাম্মদ আলী বিশ্বাস পুলিশ সুপার চুয়াডাঙ্গা জনাব মোঃ জাহিদুল ইসলামকে (বিপিএম) ফুলেল শুভেচ্ছা জানান।

এসময় উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) কনক কুমার দাস

আলমডাঙ্গায় মোটরসাইকেল দুর্ঘটনায় যুবক আহত

আলমডাঙ্গার বধ্যভূমি-এলাহীনগর সড়কে লাটাহাম্বারের ধাক্কায় মোটরসাইকেল আরোহী আশিক (১৯) নামের এক যুবক মারাত্মক জখম হয়েছে। সোমবার সকালে এ ঘটনা ঘটে।

আহতাবস্থায় ওই যুবককে উদ্ধার করে প্রথমে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ও পরে ঢাকায় নিয়ে যাওয়া হয়।

জানাগেছে, আলমডাঙ্গা বধ্যভূমি এলাহীনগর সড়কে বধ্যভূমির নিকট এইচ এসবি ইট ভাটা রয়েছে। কামালপুর গ্রামের আমিরুল ইসলামের ছেলে রিপন ইট ভাটায় অবৈধ ইঞ্জিত চালিত লাটাহাম্বা দিয়ে ইট ও মাটি টানার কাজ করে ।

সকাল সাড়ে ৯টার দিকে এলাহীনগরের তোফাজ্জেলের ছেলে আশিক মোটর সাইকেল যোগে আলমডাঙ্গা আসার পৌর জান্নাতুল কবরস্থানের নিকট পৌছালে দ্রুত গতিতে যাওয়া লাটাহাম্বার আশিকের মোটর সাইকেলে ধাক্কা দেয়।

ধাক্কা লেগে আশিক মোটর সাইকেল থেকে ছিটকে পড়ে মারাত্মক জখম হয়। তাকে উদ্ধার করে প্রথমে স্থানীয় ক্লিনিকে ও পরে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়।

আশিকের শারীরিক অবস্থার উন্নতি না হলে কুষ্টিয়া থেকে তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

কবি ও সাহিত্যিক ডাঃ জাহাঙ্গীর আলম বিশ্বাসের দুটি বইয়ের মোড়ক উন্মোচন

অমর একুশে বই মেলায় আনুষ্ঠানিক ভাবে মোড়ক উন্মোচন করা হয়েছে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের পীরপুরকুল্লা গ্রামের মৃত আব্দুস সামাদের বড় সন্তান জেলার জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের উপ-সহকারী মেডিকেল অফিসার কবি ও সাহিত্যিক ডাঃ জাহাঙ্গীর আলম বিশ্বাসের লেখা দুটি বই।

গত রোববার বিকাল ৫টার দিকে পশ্চিম দিগন্তে যখন সূর্য অস্ত যাচ্ছিল, ঠিক তখনি অমর একুশে আন্তর্জাতিক গ্রন্থ মেলা ঢাকা বাংলা একাডেমির মোড়ক উন্মোচন একাডেমি প্রাঙ্গণ মঞ্চে অতি আড়ম্বরপূর্ণ পরিবেশে মোড়ক উন্মোচন করা হয় শিশুতোষ কাব্যগ্রন্থ “বাংলার মধুমাস ও মহান স্বাধীনতার দীর্ঘ ৯ মাসের কাহিনীকে ঘিরে “ইতিহাসের

খোজ তিন গোয়েন্দা”। এ অনুষ্ঠানে উপস্থিত থেকে মোড়ক উন্মোচন করেন কবি, সাহিত্যিক ও লেখক ডাঃ জাহাঙ্গীর আলম।

এসময় মোড়ক উন্মোচন অনুষ্ঠানে ছিলেন, প্রথম আলো বিজ্ঞান চিন্তা বিষয়ব ম্যাগাজিনের উপ-ব্যবস্থাপক আব্দুল গাপ্ফার রণি, কবি হালিম নজরুল, ইঞ্জিনিয়ার ইমরান হোসেন, রাজিয়া সুলতানা, বিশিষ্ট শিক্ষানুরাগী নালিম চৌধুরী, দর্শনা প্রেস ক্লাবের সাবেক সাধারন সম্পাদক ও দৈনিক পশ্চিমাঞ্চল পত্রিকার দর্শনা অফিস সহকারী ব্যুরো চঞ্চল মেহমুদ, দর্শনা প্রেস ক্লাবের সাবেক সাধারন সম্পাদক ও মেহেরপুর প্রতিদিন পত্রিকার দর্শনা ব্যুরো প্রধান আহসান হাবীব মামুন প্রমুখ।

দর্শনায় নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠনের সক্রিয় সদস্য আশিকুল আটক

দর্শনায় অভিযান চালিয়ে আশিকুল ইসলাম (২৫) নামের এক নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠনের সক্রিয় সদস্যকে আটক করেছে র্যাব।

আশিকুল ইসলাম দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের জিরাট গ্রামের মৃত মুনতাজ আলীর ছেলে।

আটককৃত আশিকুল ইসলাম নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠন আনসার আল ইসলাম একজন সক্রিয় সদস্য। তাকে দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের জিরাট গ্রাম থেকে রংপুর র্যাব-১৩ আটক করে।

জানাগেছে, গত রোববার বিকালের দিকে গোপন সংবাদের ভিত্তিতে রংপুর র্যাব-১৩ এর পুলিশ পরিদর্শক শ্রী উপেন্দ্র নাথের নেতৃত্বে একটি বিশেষ টিম অভিযান পরিচালনা করেন চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের জিরাট গ্রামে।

এসময় ইউনিয়নের ২নং ওয়ার্ডের জিরাট গ্রাম থেকে আটক করা হয় নিষিদ্ধ

ঘোষিত জঙ্গী সংগঠন আনসার আল ইসলাম সক্রিয় সদস্য আশিকুল ইসলামকে। আটককৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় মামলা দায়ের করে তাকে থানা পুলিশে সোপর্দ করেছে।

দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) এ,এইচ,এম লুৎফুল কবীব জানান, আটককৃত ব্যাক্তি আনসার আল ইসলাম নামের নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠনের সক্রিয় সদস্য। আটকৃতর বিরুদ্ধে মামলা দায়ের করে দর্শনা থানা পুলিশে সোপর্দ করেছে।

আলমডাঙ্গায় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযান! জরিমানা আদায়

আলমডাঙ্গায় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর ভ্রাম্যমান অভিযান আদালত পরিচালনা করেছে। রবিবার দুপুরের দিকে উপজেলার ডাউকি গ্রামে অবস্থিত ইমন চানাচুর ফ্যাক্টরী ও জামজামি রোডের আতিয়ার ট্রেডার্সে এ অভিযান পরিচালিত হয়।

অভিযানে নোংরা পরিবেশে চানাচুর তৈরী ও প্যাকেটে মূল্য তালিকা না থাকা ও মেয়াদোত্তীর্ণ সার-বীজ বিক্রির দায়ে দুটি প্রতিষ্ঠানে ১২ হাজার টাকা জরিমানা করা হয়।

জানা যায়, চুয়াডাঙ্গা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারি পরিচালক সজল আহম্মেদের নেতৃত্বে আলমডাঙ্গায় ভ্রাম্যমান অভিযান পরিচালিত হয়।

অভিযানে উপজেলার জামজামি রোডে মেসার্স আতিয়ার ট্রেডার্সের মালিক কামরুল হাসান রুবেলকে মেয়াদোত্তীর্ণ সার-কীটনাশক বিক্রি ও সারের মুল্য তালিকা প্রদর্শন না করায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এর ৩৮,৫১ ধারায় ৮ হাজার টাকা জরিমানা করা হয়।

এসময় মেয়াদোত্তীর্ণ পণ্যগুলো জব্দ করে ধ্বংস করা হয়। এদিকে একইদিন ডাউকি গ্রামেও অভিযান চালানো হয়। অভিযানে মেসার্স ইমন

চানাচুর ফ্যাক্টরিতে অস্বাস্থ্যকর পরিবেশে চানাচুর তৈরি ও চানাচুর প্যাকেটে মোড়কীকরণ বিধি লংঘন করায় ওই প্রতিষ্ঠানের মালিক এমদাদুল হককে ৪ হাজার টাকা জরিমানা করা হয়।

ভ্রাম্যমান অভিযানের সহযোগিতায় ছিলেন আলমডাংগা থানা পুলিশের একটি টিম।

আলমডাঙ্গায় প্রবাসীর স্ত্রীর আত্মহত্যার ঘটনায় শিক্ষকসহ ৮জনকে আসামী করে মামলা

আলমডাঙ্গার কামালপুর গ্রামের প্রবাসীর স্ত্রীর আত্মহত্যার ঘটনায় ৮ জনকে আসামি করে মামলা দায়ের করা হয়েছে।

আত্মহত্যায় প্ররোচিত করার অভিযোগে শিক্ষক শাকিলসহ কামালপুর গ্রামের ৮ জনকে আসামি করে এ মামলা করা হয়।

খোঁজ নিয়ে জানা যায়, আলমডাঙ্গা উপজেলার কামালপুর গ্রামের নাজমুল ইসলাম গত প্রায় ৫ মাস পূর্বে সৌদি আরব গেছেন। নাজমুলের স্ত্রী সোনিয়া খাতুন (২৫) তার ৫ বছরের শিশুকন্যাকে নিয়ে স্বামীর বাড়িতে বসবাস করতেন।

এদিকে স্বামী প্রবাসে থাকার সুযোগে সোনিয়া খাতুনের উপর কু-নজর পড়ে কামালপুর গ্রামের মঙ্গল আলীর ছেলে স্কুল শিক্ষক শাকিল হোসেন (৪৫)’র।

শাকিল হোসেন আঠারোখাদা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক হওয়ার পরও তিনি একজন গৃহবধূকে নানা ভাবে উত্ত্যক্ত করে আসছিল।

গ্রাম ঘুরে জানা যায়, সোনিয়ার স্বামী বিদেশ চলে যাওয়ার পর থেকেই প্রতিবেশি ছোট ভাইয়ের বউ সোনিয়া খাতুনের সাথে শাকিল হোসেন প্রেমের সম্পর্ক গড়ে তোলেন।

চারিদিকে জানাজানি হলে লোক লজ্জায় গত এক মাস আগে সোনিয়া খাতুন সম্পর্কের ইতি টানে। বন্ধ করে দেয় শাকিল হোসেনের সাথে যোগাযোগ। এতে ক্ষিপ্ত হয়ে শাকিল হোসেন তার সাথে সোনিয়ার পরকীয়া সম্পর্ক আছে বলে গ্রামে প্রচার শুরু করে ।

পরে শাকিলের সাথে একই গ্রামের মৃত খবিরের ছেলে বয়স্ক কলিম উদ্দীন, ফনির ছেলে দোকানি রনি, আবুল কাশেমের ছেলে উজ্জ্বলও সোনিয়া খাতুনকে উত্ত্যক্ত করতে থাকে ।

এ সব কথা শ্বশুর বাড়ির লোকজনকে বললেও তারা কোন পদক্ষেপ নেননি। বরং মেয়ের শ্বশুর সিরাজুল, শাশুড়ি ছায়েরা খাতুন ও মেয়ের জা মুক্তা খাতুন এসব কথা নিয়ে সোনিয়াকে ভৎসনা করতে থাকে। এরই এক পর্যায়ে গত ২৫ ফেব্রয়ারি ভোরে ঘরের আড়াই গলায় ওড়নায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা করে সোনিয়া ।

এ আত্মহত্যার পর পর অভিযুক্ত শিক্ষক শাকিলসহ উক্ত ৬ ব্যক্তিই নিরুদ্দেশ রয়েছেন। এদের সকলকেসহ শ্বশুর সিরাজুল ইসলাম ও শ্বাশুড়ি ছায়েরা খাতুন ও জা মুক্তা খাতুনকেও আসামি করা হয়েছে।

এলাকায় খোঁজ নিয়ে জানা গেছে, শাকিল হোসেন বিবাহিত ও দুই সন্তানের জনক। ৭/৮ বছর পূর্বে শেফালী খাতুন নামের পাঁচলিয়া গ্রামের এক প্রবাসীর স্ত্রীকে ভাগিয়ে নিয়ে বিয়ে করেছেন। শেফালী খাতুনও শিক্ষক। তারা স্বামী-স্ত্রী আঠারখানা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে চাকুরী করেন।

আলমডাঙ্গার পৌর পান হাটে পূর্ব শত্রুতার জেরে হামলা, আহত -৫

আলমডাঙ্গার পৌর পানের হাটে পূর্বশত্রুতার জের ধরে মারামারির ঘটনা ঘটেছে। শনিবার দুপুরের দিকে পূর্ব শত্রুতার জের ধরে বেশ কয়েকজন যুবক এ হামলার ঘটনা ঘটায়। হামলায় দুপক্ষের ৪/৫জন আহত

হয়েছে। হামলাকারি একজনকে পান ব্যবসায়ীরা ধরে পুলিশে দিয়েছে।

প্রত্যক্ষদর্শিরা জানায়, আলমডাঙ্গার পশুহাটের পাশের পান সেটে দুপুরে ব্যবসায়ীরা পান কেনাবেচা করছিল। এ সময় গোবিন্দপুর গ্রামের বেশ কয়েকজন যুবক ওই পানহাটে কাউকে খুঁজতে যায়।

স্থানীয় সুত্রে জানা যায়, গোবিন্দপুর গ্রামের কয়েক যুবক হারদীতে হাসপাতালে করোনার টিকা নিতে যায়। সেখানে হারদীর যুবকদের সাথে গোবিন্দপুর গ্রামের যুবকদের হাতাহাতির ঘটনা ঘটে।

ওই ঘটনার সুত্রধরে গতকাল গোবিন্দপুরের যুবকরা শহরের লালব্রিজ এলাকায় হারদীর যুবকদের দেখতে পায়। এসময় তারা দলে ভারী হয়ে হারদীর যুবকদের মারার পরিকল্পনা করে।

এটা বুঝতে পেরে হারদীর যুবকরা পাশের পানের হাটে ঢুকে পড়ে। সংঘবদ্ধ গোবিন্দপুরের যুবকরা পানের হাটে ঢুকে তাদের উপর হামলা করতে গেলে পান ব্যবসায়ীরা প্রতিরোধ গড়ে তোলে। এসময় হামলাকারিদের সাথে পান ব্যবসায়ীদের মারামারির ঘটনা ঘটে।

একপর্যায়ে হামলাকারিরা ৪/৫জন আহত হয়। হামলাকারিদের সবাই পালিয়ে গেলেও গোবিন্দপুর চেয়ারম্যান পাড়ার শাকিল নামের এক যুবককে পান ব্যবসায়ীরা আটকে ফেলে। পরে আাহত শাকিলকে পুলিশের হাতে তুলে দেয় পান ব্যবসায়ীরা।